

🖪 আল-কাসাস | Al-Qasas | ٱلْقَصيَص

আয়াতঃ ২৮: ৬৩

💵 আরবি মূল আয়াত:

قَالَ الَّذِينَ حَقَّ عَلَيهِمُ القَولُ رَبَّنَا هُوُّلَآءِ الَّذِينَ اَعْوَينَا اَعْوَينَهُم كَمَا غَوَينَا تَبَرَّانَا اِلَيكَ مَا كَانُوا اِيَّانَا يَعبُدُونَ ﴿ ٣٣﴾

যাদের জন্য (শাস্তির) বাণী অবধারিত হবে তারা বলবে, 'হে আমাদের রব, ওরা তো তারা যাদেরকে আমরা বিভ্রান্ত করেছিলাম। তাদেরকে আমরা বিভ্রান্ত করেছিলাম যেমন আমরা বিভ্রান্ত হয়েছিলাম। আমরা আপনার কাছে দায় মুক্তি চাচ্ছি। তারা তো আমাদের ইবাদাত করত না'। — আল-বায়ান

যাদের বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হবে তারা বলবে- 'হে আমাদের পালনকর্তা! ওদেরকে আমরা বিদ্রান্ত করেছিলাম, ওদেরকে বিদ্রান্ত করেছিলাম, যেমন আমরা নিজেরা বিদ্রান্ত হয়েছিলাম, আমরা তোমার কাছে দায়মুক্ত হচ্ছি (যে আমরা জোর ক'রে তাদেরকে বিদ্রান্ত করিনি)। এরা তো আমাদের 'ইবাদাত করত না। — তাইসিরুল যাদের জন্য শান্তি অবধারিত হয়েছে তারা বলবেঃ হে আমাদের রাব্ব! এদেরকেও আমরা বিদ্রান্ত করেছিলাম, যেমন আমরা বিদ্রান্ত হয়েছিলাম; আপনার সমীপে আমরা দায়িত্ব হতে অব্যাহতি চাচ্ছি। এরা আমাদের ইবাদাত করতনা। — মুজিবুর রহমান

Those upon whom the word will have come into effect will say, "Our Lord, these are the ones we led to error. We led them to error just as we were in error. We declare our disassociation [from them] to You. They did not used to worship us." — Sahih International

৬৩. যাদের জন্য শান্তির বাণী অবধারিত হয়েছে, তারা বলবে, হে আমাদের রব! এরা তো তারা যাদেরকে আমরা বিভ্রান্ত করেছিলাম; আমরা এদেরকে বিভ্রান্ত করেছিলাম যেমন আমরা বিভ্রান্ত হয়েছিলাম; আপনার সমীপে আমরা তাদের ব্যাপারে দায়মুক্ততা ঘোষণা করছি।(১) এরা তো আমাদের ইবাদাত করত না।

(১) এখানে দুটি অর্থ হতে পারে। এক. আমরা তাদের ইবাদাত হতে দায়মুক্তি ঘোষণা করছি। তারা আমাদের ইবাদাত করত না। তারা তো শয়তানের ইবাদাত করত। [ইবন কাসীর; সাদী] দুই. অথবা আয়াতের অর্থ, আমরা তাদের সাহায্য সহযোগিতা করা থেকে নিজেদেরকে মুক্ত ঘোষণা করছি। আমরা তাদের সাহায্য করতে পারব না। [মুয়াস্সার]

তাফসীরে জাকারিয়া

- (৬৩) যাদের জন্য শাস্তি অবধারিত হয়েছে তারা বলবে,[1] 'হে আমাদের প্রতিপালক! যাদেরকে আমরা পথভ্রান্ত করেছিলাম --এরা তারা।[2] এদেরকে বিভ্রান্ত করেছিলাম যেমন আমরা বিভ্রান্ত হয়েছিলাম।[3] এদের জন্য আমরা দায়ী নই।[4] এরা আমাদের পূজা করত না।' [5]
 - [1] অর্থাৎ, যারা আল্লাহর আযাবের যোগ্য বিবেচিত হবে যেমন, বড় বড় অবাধ্য শয়তান এবং কুফরী ও শিরকের দিকে আহবানকারী নেতা প্রভৃতিরা বলবে।
 - [2] এখানে ঐ সকল মূর্খ জনসাধারণের প্রতি ইঙ্গিত করা হয়েছে, যাদেরকে শয়তান এবং কুফরী ও শিরকের দিকে আহবানকারী নেতারা পথভ্রষ্ট করেছিল।
 - [3] অর্থাৎ, আমরা তো পথভ্রম্ভ ছিলামই; কিন্তু তাদেরকেও নিজেদের সঙ্গে পথভ্রম্ভ করেছিলাম। উদ্দেশ্য এই যে, আমরা তাদের প্রতি কোন প্রকার জার-জবরদস্ভি বা বল প্রয়োগ করিনি; বরং আমাদের সামান্যতম ইশারাতেই তারা আমাদের মতই ভ্রম্ভ পথ অবলম্বন করেছিল।
 - [4] আমরা তাদের সাথে সম্পর্কহীন ও তাদের থেকে পৃথক। তাদের সাথে আমাদের কোন সম্পর্ক নেই। মোটকথা, দুনিয়ায় অনুসারী ও অনুসৃত বা গুরু-শিষ্য কিয়ামতে এক অপরের শত্রু হয়ে যাবে।
 - [5] বরং বাস্তবে তারা নিজেদের প্রবৃত্তির পূজা ও দাসত্ব করত। অর্থাৎ, আজ পৃথিবীতে যাদের ইবাদত, দাসত্ব ও পূজা হচ্ছে তারা সকলে নিজেদের ইবাদত, দাসত্ব ও পূজার কথা অস্বীকার করবে। এই বিষয়টি কুরআনে বিভিন্ন জায়গায় বর্ণিত হয়েছে। যেমনঃ সূরা বাকারা ১৬৬-১৬৭, সূরা আনআম ৪৯, সূরা মারয়্যাম ৮১-৮২, সূরা আহকাফ ৫-৬, সূরা আনকাবৃত ২৫নং আয়াত দ্রস্টব্য।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3315

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন